

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস) পরিচালনার লক্ষ্যে “ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস)-২০২৫” খসড়া নীতিমালা
চূড়ান্তকরণের লক্ষ্যে আন্তর্মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মাহবুব-উল-আলম
সচিব	
সভার তারিখ	১৪ জানুয়ারি, ২০২৬
সভার সময়	বেলা ১১.০০ টায়
স্থান	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (ক্রীড়া-১ অনুবিভাগ) সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ২০১৮ এর ধারা ২(২) এবং ধারা ৬ মোতাবেক ইলেকট্রনিক স্পোর্টসকে “ক্রীড়া” হিসেবে ঘোষণা করা হয়। একইসাথে ইলেকট্রনিক স্পোর্টস পরিচালনা বিষয়ক নীতিমালা প্রণয়নের লক্ষ্যে অতিরিক্ত সচিব (ক্রীড়া-২ অনুবিভাগ)-কে আহবায়ক করে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। আধুনিক তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রাণ্য সুবিধাসমূহ কাজে লাগিয়ে, ক্রীড়াক্ষেত্রে নতুন প্রজন্মকে সুস্থ বিনোদন ও মেধাভিত্তিক সৃষ্টিশীলতার চর্চায় এগিয়ে নেওয়ার জন্য একটি সুনিয়ন্ত্রিত প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টি করতে নীতিমালা থাকা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন। গঠিত কমিটির প্রেক্ষিতে “ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস)-২০২৬” খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়। উক্ত খসড়া নীতিমালার বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করার জন্য ক্রীড়া-১ শাখার সিনিয়র সহকারী সচিব-কে অনুরোধ জানান। সিনিয়র সহকারী সচিব সভাকে অবহিত করেন যে, “ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস)-২০২৬” খসড়া নীতিমালা প্রণয়নের লক্ষ্যে জাতীয় ক্রীড়া পরিষদ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন-এর মতামত চাওয়া হয়। তাদের মতামতের প্রেক্ষিতে সংশোধন, সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন করে খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে। সভায় তিনি বিস্তারিতভাবে খসড়া নীতিমালা উপস্থাপন করেন। উপস্থাপিত নীতিমালার উপর সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন:

০২। বিস্তারিত আলোচনাত্তে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (ক) “ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস)-২০২৬” খসড়া নীতিমালাটি আলোচনায় উপস্থাপিত বিষয়সমূহ সংশোধনপূর্বক চূড়ান্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- (খ) “ইলেকট্রনিক স্পোর্টস (ই-স্পোর্টস)-২০২৬” খসড়া নীতিমালাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে।

০৩। পরিশেষে আর কোন বক্তব্য না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯-০১-২০২৬
মোঃ মাহবুব-উল-আলম
সচিব

তারিখ: ৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৭১.১১.০০০৯.২৬.৭০

বিতরণ (জ্যোত্তর ক্রমানুসারে নয়):

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
- সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিবিল, ঢাকা।
- সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
- সচিব, সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- সচিব, সচিবের দপ্তর, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
- সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।
- অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- সহ-সভাপতি/মহাসচিব, বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন।
- নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), নির্বাহী পরিচালকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ।
- পরিচালক, পরিচালকের দপ্তর, ক্রীড়া পরিদপ্তর।
- উপদেষ্টার একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- উপসচিব, ক্রীড়া-১ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- পরিচালক (ক্রীড়া) / প্রকল্প পরিচালক, ক্রীড়া অনুবিভাগ, জাতীয় ক্রীড়া পরিষদ।
- সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (পত্রিকা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- অফিস কপি।



১৯-০১-২০২৬
অংগৃজাই মারমা
সিনিয়র সহকারী সচিব